

১০। বাঙালী জাতীয়তাবাদ

(অনুচ্ছেদ ৯)

সুপারিশ :

১০। সংবিধানের অনুচ্ছেদ ৯ এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ৯ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৯ প্রতিস্থাপিত হইবে, যথা :

“৯। জাতীয়তাবাদ।—ভাষাগত ও সংস্কৃতিগত একক সত্তাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি।”।

১১। সমাজতন্ত্র ও শোষণমুক্তি

(অনুচ্ছেদ ১০)

সুপারিশ :

১১। সংবিধানের অনুচ্ছেদ ১০ এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ১০ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১০ প্রতিস্থাপিত হইবে, যথা :

“১০। সমাজতন্ত্র ও শোষণমুক্তি।—মানুষের উপর মানুষের শোষণ হইতে মুক্ত ন্যায়ানুগ ও সাম্যবাদী সমাজলাভ নিশ্চিত করিবার উদ্দেশ্যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইবে।”।

১২। ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা

(অনুচ্ছেদ ১২)

সুপারিশ :

১২। সংবিধানের অনুচ্ছেদ ১২ এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ১২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১২ প্রতিস্থাপিত হইবে, যথা :

“১২। ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।—ধর্ম নিরপেক্ষতা নীতি বাস্তবায়নের জন্য

(ক) সর্বপ্রকার সাম্প্রদায়িকতা,

(খ) রাষ্ট্র কর্তৃক কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদাদান,

(গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মীয় অপব্যবহার,

(ঘ) কোন বিশেষ ধর্ম পালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাহার উপর নিপীড়ন-

বিলোপ করা হইবে।”।

১৩। পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ

(প্রস্তাবিত নতুন অনুচ্ছেদ ১৮ক)

সুপারিশ :

১৩। সংবিধানের নতুন অনুচ্ছেদ ১৮ক এর সন্নিবেশ।—সংবিধানের অনুচ্ছেদ ১৮ এর পর নিম্নরূপ নতুন অনুচ্ছেদ ১৮ক সন্নিবেশিত হইবে, যথা :

“১৮ক। পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন।—রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করিবেন।”।